দৈনিক বাংলা

তারিখ ২২.১১.৭৭
পৃষ্ঠা ৪ কলাম ১

006

# প্রেসনোট সম্পর্কে সরকারী কলেজ শিক্ষক সমিতি

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি শিক্ষক ধর্মঘট সম্পর্কে প্রকাশিত সরকারী প্রেসনোটকে সম্পূর্ণ বিভ্রান্তিমূলক বলে অভিহিত করেছেন।

বুধবার সমিতির সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এক শ্রেণীর সরকারী কলেজ শিক্ষক অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের কর্তব্য পালনে বাধা দিচ্ছেন বলে প্রেসনোটে যে অভিযোগ করা হয়েছে তার প্রতিবাদ করে বলা হয়, ৫৩টি সরকারী কলেজের সকল শিক্ষক সমিতির সাধারণ সভায় সিদ্ধান্ত অনুযায়ী স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘট পালন করছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, দাবী-দাওয়া মেনে না নেয়া পর্যন্ত শিক্ষকরা তাঁদের ধর্মঘট অব্যাহত রাখবেন।

সমিতির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, সমতুল্য সরকারী চাকুরেদের সাথে তুলনা করলে সহজে বোঝা যাবে যে, শিক্ষকদের বেতন স্কেলে প্রচুর অসংগতি ও বৈষম্য বিদ্যমান।

যেখানে প্রশাসনিক ও অন্যান্য চাকরিতে এক বছর পর ৯শ' টাকা এবং চার বছর পর ১১শ' ৫০ টাকার স্কেল সেখানে লেকচারারকে ৬ বছর পর ৯শ' টাকার স্কেল দেয়া হচ্ছে।